# রংপুর রেঞ্জের অধীনস্থ জেলাসমূহের পুলিশের সাফল্য

## রংপুর জেলাঃ

### ❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্যঃ

- রংপুর জেলার আইন-শৃঙ্খলা রক্ষায় ও যে কোনো ধরণের বিশৃঙ্খলা সৃষ্টির অপতৎপরতা রোধ কল্পে কঠোর গোয়েন্দা নজরদারির পাশাপাশি গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে চেকপোস্ট স্থাপন, সিসি ক্যামেরা স্থাপন ও ডিউটি পোস্ট স্থাপন করে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য অর্জন সম্ভব হয়েছে। বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং কার্যক্রমের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠান সমূহে নিয়মিতভাবে সভা-সেমিনার আয়োজন করা হচ্ছে। বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে আন্তঃসর্ম্পক ও সম্প্রীতি বৃদ্ধি কল্পে প্রচার-প্রচারণা এবং নিয়মিতভাবে সভা-সেমিনারের আয়োজন করা হচ্ছে।

মাদক বিরোধী চলমান কার্যক্রম ও অভিযান অব্যাহত আছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। সেই সাথে কোন পুলিশ সদস্য যেন মাদক ব্যবসার সাথে জড়িয়ে না পরে সে বিষয়ে কঠোর নজরদারি অব্যাহত রয়েছে। জেলার বিভিন্ন এলাকা দিয়ে মাদকের প্রবেশ বন্ধে চেকপোস্ট ও বিশেষ ডিউটি পোস্ট স্থাপন করা হয়েছে। "এলএসডি, আইসসহ নতুন নতুন মাদক প্রবেশ রোধে গোয়েন্দা নজরদারিসহ অভিযান অব্যাহত রয়েছে। মাদক মাদকের ভয়াবহ কুফল বিট পুলিশিং, কমিউনিটির মাধ্যমে প্রচার-প্রচারণাসহ জনমত গড়ে তোলা হচ্ছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় প্রচার-প্রচারণাসহ সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। মাদকের ব্যবহার নির্মূলের লক্ষ্যে 'শূন্য সহিষ্ণুতা নীতি' বাস্তবায়নে কুইক রেসপন্স টিম গঠনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মাদক ব্যবহার ও অপরাধে জড়িয়ে পড়া কিশোর গ্যাং সমূহ চিহ্নিত করণ এবং যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

- **২০২৩ সালে রংপুর জেলা পুলিশ কর্তৃক মাদক উদ্ধার, ওয়ারেন্ট তামিল, গ্রেফতার ও অন্যান্য তথ্যাদিঃ-**

| মামলার সংখ্যা | মামলা নিষ্পত্তি | ওয়ারেন্ট তামিল | বিভিন্ন অপরাথে আসামী গ্রেফতার | উদ্ধারকৃত মালামাল | মাদক মামলায় গ্রেফতার |
|---|---|---|---|---|---|
| ২৬৬৪ | ২৭২৯ | ৯৮৯৯ | ৪৮৭৩ | ১। হেরোইন-৯৭.৪ গ্রাম<br>২। গাজা-৩৪৬.৮৮৫ কেজি<br>৩। গাজার গাছা-৭টি<br>৪। ফেন্সিডিল-৩২৫২ বোতল<br>৫। দেশী মদ-১০০.৫ লিটার<br>৬। ইয়াবা-৪৯৬৯ পিস<br>৭। ট্যাপেন্টেডল ট্যাবলেট-৭৯০ পিস<br>৮। প্যাথিডিন ইনজেকশন-১৪০০ পিস<br>৯। ওয়াস-৬০ লিটার<br>১০। এস্কেপ সিরাপ-১৯৩ বোতল<br>১১। চোলাইমদ-৩৩৯.৮ লিটার<br>১২। তামাক পাতা-৫০ গ্রাম | ৫০৩ |

| মোবাইল উদ্ধার | নন এফআইআর প্রসিকিউসন | আলামত নিষ্পত্তি | এনইআর দাখিল | পি এন্ড এ | | জেল প্যারেড | নারী, শিশু ও বয়স্ক হেল্প ডেস্কে সেবা প্রদান | উঠান-বৈঠক/বিট পুলিশিং সভা | দিবা/রাত্রী টহল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | গৃহিত | তামিল | | | | |
| ৫৫৭ | ১৫১৬ | ১০৫১ | ৩২৯৭ | ৩৯১ | ৩৮৫ | ০৯ | ৪০৪৭ | ৫৭১৯৬ | ২২৪২৪ |

### ❖ ডিএসবি কর্তৃক ২০২৩ সালে পুলিশ ভেরিফিকেশন, পাসপোর্ট ও পুলিশ ক্লিয়ারেন্স নিষ্পত্তি সংক্রান্তে তথ্যঃ

| পুলিশ ভেরিফিকেশন | পাসপোর্ট ভেরিফিকেশন | পুলিশ ক্লিয়ারেন্স |
|---|---|---|
| ৩৪০৭ টি। | ১৯০১৩ টি | ৪১৫১ টি। |

### ❖ জেলা ট্রাফিক পুলিশ কর্তৃক ২০২৩ সালে প্রসিকিউসনের মাধ্যমে সরকারী কোষাগারে জমাকৃত অর্থ সংক্রান্তে তথ্যঃ

| ট্রাফিক প্রসিকিউসনের সংখ্যা | সরকারী কোষাগারে প্রদানকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|
| ১৪১৩৪ টি | ৪,৬৪,৮৫,০০০/- (চার কোটি চৌষট্টি লক্ষ পচাশি হাজার টাকা) | |

## গাইবান্ধা জেলাঃ

### ❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্যঃ

- জেলার আইন-শৃঙ্খলা রক্ষায় ও যে কোনো ধরণের বিশৃঙ্খলা সৃষ্টির অপতৎপরতা রোধ কল্পে কঠোর গোয়েন্দা নজরদারির পাশাপাশি গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে চেকপোস্ট স্থাপন, সিসি ক্যামেরা স্থাপন ও ডিউটি পোস্ট স্থাপন করে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য অর্জন সম্ভব হয়েছে। বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং কার্যক্রমের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠান সমূহে নিয়মিতভাবে সভা-সেমিনার আয়োজন করা হচ্ছে। বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে সর্ম্পক ও সম্প্রীতি বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা এবং নিয়মিতভাবে সভা-সেমিনারের আয়োজন করা হচ্ছে।

  গাইবান্ধা জেলায় মাদক বিরোধী অভিযান অব্যাহত আছে। মাদকের আগ্রাসন প্রতিরোধ করার জন্য থানা পুলিশের পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং, গ্রাম পুলিশ ও মাদকদ্রব্য অধিদপ্তরের সহায়তায় সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। সেই সাথে কোন পুলিশ সদস্য যেন মাদক ব্যবসার সাথে জড়িয়ে না পরে সে বিষয়ে কঠোর নজরদারি অব্যাহত রয়েছে। হাইওয়ে রুট দিয়ে মাদকের প্রবেশ বন্ধে চেকপোস্ট ও বিশেষ ডিউটি পোস্ট স্থাপন করা হয়েছে। মাদকের ব্যবহার নির্মূলের লক্ষ্যে 'শূন্য সহিষ্ণুতা নীতি'বাস্তবায়নে কুইক রেসপন্স টিম গঠনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মাদক ব্যবহার ও অপরাধে জড়িয়ে পড়া কিশোর গ্যাং সমূহ চিহ্নিত করণ এবং যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

- **২০২৩ সালে গাইবান্ধা জেলা পুলিশ কর্তৃক বিভিন্ন চাঞ্চল্যকর মামলার ঘটনায় সঠিক তদন্ত করতঃ রহস্য উদঘাটন, আসামী গ্রেফতার ও অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। তন্মধ্যে উল্লেখ্যযোগ্য চাঞ্চল্যকর মামলা সমূহঃ-**

- গোবিন্দগঞ্জ থানার মামলা নং-৩৯, তারিখ- ২২/০১/২০২৩ খ্রিঃ, ধারা- ৩৯৪/৩০২/২০১/৩৪ পেনাল কোড (আসামী গ্রেফতার ও অটোবাইক উদ্ধার এবং মামলা ডিটেক্ট))।
- গাইবান্ধা থানার মামলা নং-৩২,তারিখ-২৪/০১/২০২৩ খ্রি, ধারা-৪৫৭/৩৮০ পেনাল কোড (চোরাই মালামাল উদ্ধার, আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট)।
- পলাশবাড়ী থানার মামলা নং-০৮, তাং-১০/০২/২০২৩খ্রিঃ, ধারা-৪১১/৪১৩ পেনাল কোড (০৫টি চোরাই গরু উদ্ধার পূর্বক নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ)।
- ফুলছড়ি থানার মামলা নং-০৯, তাং-১৪/০২/২০২৩খ্রিঃ, ধারা-৪৫৭/৩৮০ পেনাল কোড (চাঞ্চল্যকর ১৩টি মহিস চুরি মামলার আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট)।
- গাইবান্ধা থানার মামলা নং-২১, তারিখ-১৯/০২/২৩খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পেনাল কোড। একটি ক্লুলেছ হত্যা মামলা। মামলার এজাহারনামীয় আসামী অজ্ঞাত (০১টি অটোবাইক, আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট)।
- সাদুল্লাপুর থানার মামলা নং-০১ তারিখ ০১/০৩/২০২৩খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পেনাল কোড (০১টি আইফোন উদ্ধার, আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট)।
- সাদুল্যাপুর থানার মামলা নং-০৬, তারিখ-০৭/০৪/২০২৩খ্রিঃ, ধারা-৪৫৭/৩৮০ পেনাল কোড (সাদুল্যাপুর শেখ রাসেল ডিজিটাল সেন্টারের ১০টি ল্যাপটপ উদ্ধার ও মামলা ডিটেক্ট)।
- ফুলছড়ি থানার মামলা নং-০২, তারিখ-১৭/০৪/২০২৩ খ্রিঃ ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯(৩) (আসামী গ্রেফতার, রহস্য উদঘাটন ও মামলা ডিটেক্ট)।
- সাদুল্যাপুর থানার মামলা নং-০৩, তারিখ-০৩/০৬/২০২৩খ্রিঃ, ধারা-১৮৭৮ সালের আর্মস এ্যাক্ট (সংশোধন/২০০২) এর ১৯-এ, (০১টি বিদেশী পিস্তল উদ্ধার ও আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট)।
- গাইবান্ধা থানার মামলা নং-২০, তারিখ-১৫/০৮/২০২৩খ্রিঃ, ধারা-১৮৭৮ সালের আর্মস এ্যাক্ট (সংশোধন/২০০২) এর ১৯-এ, (০১টি ওয়ান সুটার গান উদ্ধার ও আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট)।
- গাইবান্ধা থানার মামলা নং-১৩, তারিখ-০৮/০৯/২০২৩খ্রিঃ, ধারা-৩৯৯/৪০২/১৭১ পেনাল কোড (০১টি বিদেশী পিস্তল ম্যাগাজিনসহ, ০২ রাউন্ড তাজা গুলি ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একটি হ্যান্ডক্যাফ (হাতকরা) উদ্ধার করা হয়।
- গাইবান্ধা থানার মামলা নং-১২, তারিখ-০৮/০৯/২০২৩খ্রিঃ, ধারা-Arms Act of 1878(Amendment 2022) এর 19- A, ০১টি বিদেশী পিস্তল ম্যাগাজিনসহ, ০২ রাউন্ড তাজা গুলি ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একটি হ্যান্ডক্যাফ (হাতকরা) উদ্ধার করা হয়।

- ফুলছড়ি থানার মামলা নং-০৭, তারিখ-১৬/০৯/২০২৩খ্রিঃ, ধারা-Arms Act of 1878(Amendment 2022) এর 19- A (০১টি দেশীয় বন্দুক, ০৫রাউন্ড গুলি, ০২টি ড্যাগার উদ্ধার)।
- ফুলছড়ি থানার মামলা নং-০৮, তারিখ-১৬/০৯/২০২৩খ্রিঃ, ধারা-৩৯৯/৪০২ পেনাল কোড (আসামী গ্রেফতার, ০১টি দেশীয় বন্দুক, ০৫রাউন্ড গুলি ও ০২টি ড্যাগার উদ্ধার)।

- **২০২৩ সালে গাইবান্ধা জেলা পুলিশ কর্তৃক মাদক উদ্ধার, ওয়ারেন্ট তামিল, গ্রেফতার ও অন্যান্য তথ্যাদি–**

| মোট রুজুকৃত মামলার সংখ্যা | মোট মামলা নিস্পত্তি | ওয়ারেন্ট তামিল/নিস্পত্তি | বিভিন্ন অপরাধে আসামী গ্রেফতার | উদ্ধারকৃত মালামাল | মাদক মামলায় গ্রেফতার |
|---|---|---|---|---|---|
| ২,০৪৭ | ২,১৫৭ | ১১,১৮৭ | ৪,৫৮২ | ১। হেরোইন=৫২.৭ গ্রাম।<br>২। গাঁজা=৩৩৯.৮২ কেজি।<br>৩। ফেন্সিডিল=২০৭৮ বোতল।<br>৪। ইয়াবা= ৮৭৬৩ পিস।<br>৫। বিদেশী মদ= ১৯৯ বোতল।<br>৬। দেশী মদ= ১৬ লিটার।<br>৭। বিয়ার ক্যান= ০৯ বোতল। | ৬৫৪ |

| মোবাইল উদ্ধার | নন এফআইআর প্রসিকিউশন | আলামত নিষ্পত্তি | এনইআর দাখিল | পি এন্ড এ | জেল প্যারেড | নারী, শিশু ও বয়স্ক হেল্প ডেস্কে সেবা প্রদান | উঠান-বৈঠক/বিট পুলিশিং সভা | দিবা/রাত্রী টহল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৯৫ | ৯১২ | ৭৮২ | ১৮৭২ | ৪২৩ | ০৬ | ২৬৪০ | ৪৫৫৮০ | ১৮০৬২ |

❖ **<u>ডিএসবি কর্তৃক ২০২৩ সালে পুলিশ ভেরিফিকেশন, পাসপোর্ট ও পুলিশ ক্লিয়ারেন্স নিস্পত্তি সংক্রান্তে তথ্য ঃ</u>**

| পুলিশ ভেরিফিকেশন | পাসপোর্ট ভেরিফিকেশন | পুলিশ ক্লিয়ারেন্স |
|---|---|---|
| ২৫২০ | ২০৪১৫ | ৬৫২৮ |

❖ **<u>জেলা ট্রাফিক পুলিশ কর্তৃক ২০২৩ সালে প্রসিকিউসনের মাধ্যমে সরকারী কোষাগারে জমাকৃত অর্থ সংক্রান্তে তথ্যঃ</u>**

| ট্রাফিক প্রসিকিউসনের সংখ্যা | সরকারী কোষাগারে প্রদানকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|
| ৭,৭৮৭ | ২,৯২,১৫,২৫০/- | - |

# কুড়িগ্রাম জেলা

### ❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্যঃ

- জেলার আইন-শৃঙ্খলা রক্ষায় ও যে কোনো ধরণের বিশৃঙ্খলা সৃষ্টির অপতৎপরতা রোধ কল্পে কঠোর গোয়েন্দা নজরদারির পাশাপাশি গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে চেকপোস্ট স্থাপন, সিসি ক্যামেরা স্থাপন ও ডিউটি পোস্ট স্থাপন করে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য অর্জন সম্ভব হয়েছে। বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং কার্যক্রমের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠান সমূহে নিয়মিতভাবে সভা-সেমিনার আয়োজন করা হচ্ছে। বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে আন্তঃসর্ম্পক ও সম্প্রীতি বৃদ্ধি কল্পে প্রচার-প্রচারণা এবং নিয়মিতভাবে সভা-সেমিনারের আয়োজন করা হচ্ছে।

- মাদক বিরোধী চলমান কার্যক্রম ও অভিযান অব্যাহত আছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। সেই সাথে কোন পুলিশ সদস্য যেন মাদক ব্যবসার সাথে জড়িয়ে না পরে সে বিষয়ে কঠোর নজরদারি অব্যাহত রয়েছে। সীমান্ত এলাকা দিয়ে মাদকের প্রবেশ বন্ধে চেকপোস্ট ও বিশেষ ডিউটি পোস্ট স্থাপন করা হয়েছে। "এলএসডি, আইসসহ নতুন নতুন মাদক প্রবেশ রোধে গোয়েন্দা নজরদারিসহ অভিযান অব্যাহত রয়েছে। মাদক মাদকের ভয়াবহ কুফল বিট পুলিশিং, কমিউনিটির মাধ্যমে প্রচার-প্রচারণাসহ জনমত গড়ে তোলা হচ্ছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় প্রচার-প্রচারণাসহ সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। মাদকের ব্যবহার নির্মূলের লক্ষ্যে 'শূন্য সহিষ্ণুতা নীতি'বাস্তবায়নে কুইক রেসপন্স টিম গঠনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মাদক ব্যবহার ও অপরাধে জড়িয়ে পড়া কিশোর গ্যাং সমূহ চিহ্নিত করণ এবং যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

- ২০২৩ সালে কুড়িগ্রাম জেলা পুলিশ কর্তৃক বিভিন্ন চাঞ্চল্যকর মামলার ঘটনায় সঠিক তদন্ত করতঃ রহস্য উদঘাটন, আসামী গ্রেফতার ও অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। তন্মধ্যে উল্লেখ্যযোগ্য চাঞ্চল্যকর মামলা সমূহ-
- ভূরুঙ্গামারী থানার মামলা নং-১১, তাং-১৬/১০/২৩ খ্রিঃ,ধারা-৩০২/২০১/৩৪ পিসি, (আসামী গ্রেফতার ও মামলা ডিটেক্ট।)
- কুড়িগ্রাম থানার মামলা নং-২৭, তাং-২৫/১০/২০২৩ খ্রিঃ , ধারা-৪৫৭/৩৮২/৩০২/৩৪ পিসি, (আসামী গ্রেফতার ও ক্লুলেস মামলা ডিটেক্ট।)
- নাগেশ্বরী থানার মামলা নং-২০, তাং-২৯/১০/২০২৩ খ্রিঃ ধারা-৩০২ পিসি, (শিশু হত্যাকান্ডে পাষন্ড পিতা গ্রেফতার)
- ভূরুঙ্গামারী থানার মামলা নং-০৫, তাং-১১/১০/২৩ খ্রিঃ ,ধারা-৪০৬/৪২০ পিসি, (কুড়িগ্রাম গাইবান্ধার কুখ্যাত প্রতারক জ্বীনের বাদশাকে গ্রেফতার)
- নাগেশ্বরী থানার মামলা নং-০৩, তাং-০১/১০/২৩ খ্রিঃ,ধারা- ৩৪১/৩২৩/৩২৬/৩০৭/৫০৬/১১৪ পিসি, (চাঞ্চল্যকর স্বভাবকবি রাধাপদ রায় কে মারধর ঘটনার মূল আসামীকে ২৪ ঘন্টার মধ্যে গ্রেফতার।)
- দায়রা মামলা নং-২২৪৫/২০১৮, রৌমারী থানার হত্যা মামলার পলাতক মূলতাকে ০৭ বছর পর গ্রেফতার।

- ২০২৩ সালে কুড়িগ্রাম জেলা পুলিশ কর্তৃক মাদক উদ্ধার, ওয়ারেন্ট তামিল, গ্রেফতার ও অন্যান্য তথ্যাদিঃ-

| মামলার সংখ্যা | মামলা নিষ্পত্তি | ওয়ারেন্ট তামিল | বিভিন্ন অপরাধে আসামী গ্রেফতার | উদ্ধারকৃত মালামাল | মাদক মামলায় গ্রেফতার |
|---|---|---|---|---|---|
| ২৪৩৯ টি | ২৩৫৮ টি | ২৪২৮ টি | ৫৪৭৪ জন | ক) হেরোইন = ১০৭.৮২ গ্রাম<br>খ) গাঁজা = ৯৯১ কেজি ৮০৬ গ্রাম<br>গ) ফেন্সিডিল = ১৮৮৬ বোতল<br>ঘ) ইয়াবা = ৪১৮৬২ পিস<br>ঙ) ইস্কফ = ৬৬৩ বোতল<br>চ) বিদেশী মদ = ৫৯৪ বোতল<br>ছ) দেশী মদ = ১০ লিটার | ৪৯৫ জন |

| মোবাইল উদ্ধার | নন এফআইআর প্রসিকিউসন | আলামত নিষ্পত্তি | এনইআর দাখিল | পি এন্ড এ | জেল প্যারেড | নারী, শিশু ও বয়স্ক হেল্প ডেস্কে সেবা প্রদান | উঠান-বৈঠক/বিট পুলিশিং সভা | দিবা/রাত্রী টহল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৮২৩ টি | ১৯৯২ টি | ৮০৪ টি | ৩৮৫ টি | ২৩৭ টি | ১২ টি | ২৬৭০ জন | ৩৪২৮০ টি | ১৫০৪০ টি |

❖ ডিএসবি কর্তৃক ২০২৩ সালে পুলিশ ভেরিফিকেশন, পাসপোর্ট ও পুলিশ ক্লিয়ারেন্স নিষ্পত্তি সংক্রান্তে তথ্যঃ

| পুলিশ ভেরিফিকেশন | পাসপোর্ট ভেরিফিকেশন | পুলিশ ক্লিয়ারেন্স |
|---|---|---|
| ২,৪৫৫ টি | ১৬,৮৮৯ টি | ৩,৭৯৯ টি |

❖ জেলা ট্রাফিক পুলিশ কর্তৃক ২০২৩ সালে প্রসিকিউসনের মাধ্যমে সরকারী কোষাগারে জমাকৃত অর্থ সংক্রান্তে তথ্যঃ

| ট্রাফিক প্রসিকিউসনের সংখ্যা | সরকারী কোষাগারে প্রদানকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|
| ৮,১৮২ টি | ২,৩৯,৭৫,১৬০/- (দুইকোটি ঊনচল্লিশ লক্ষ্য পঁচাত্তর হাজার একশত ষাট টাকা) | |

## লালমনিরহাট জেলা

### ❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্য ঃ

- **মাদকদ্রব্য ফেন্সিডিল উদ্ধার ঃ**
  গত ১৫/০৩/২০২৪ খ্রি. কালীগঞ্জ থানাধীন দলগ্রাম ইউনিয়নের কালীগঞ্জ-চামটারহাটগামী রাস্তা থেকে কালীগঞ্জ থানা পুলিশের অভিযান টিম কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে ৪৫০(চারশত পঞ্চাশ) বোতল অবৈধ মাদকদ্রব্য ফেন্সিডিল এবং মাদক পরিবহনে ব্যবহৃত একটি কার্গো (ট্রাক)সহ একজন মাদক ব্যবসায়ী (কার্গো চালক)কে গ্রেফতার করা হয়। বর্ণিত ঘটনায় কালীগঞ্জ থানার মামলা নং-১৫, তারিখ-১৫/০৩/২০২৩ খ্রি., ধারা-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) সারণির ১৩(গ)/৩৮/৪১ রুজু করা হয়।
- **মাদকদ্রব্য গাঁজা উদ্ধার ঃ**
  কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কাপড়ের সাথে ৩৪ কেজি ৫০০ গ্রম মাদকদ্রব্য গাঁজা বহনের সময় একজন ব্যক্তিকে আটক করা হয়। এ-সংক্রান্তে ধৃত আসামীর বিরুদ্ধে লালমনিরহাট থানার মামলা নং-২০, তারিখ-১৪/০৮/২০২৩ খ্রিঃ, ধারা-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) সারণির ১৯(গ)/৪১ রুজু করা হয়।
- **অটো চুরি মামলার আসামী গ্রেফতার ঃ**
  লালমনিরহাট সদর হাসপাতালের সামন হতে রোগীর ছদ্দবেশে অটো চুরির ঘটনায় লালমনিরহাট থানার মামলা নং-০৭, তারিখ-৭/০৯/২০২৩ খ্রিঃ, ধারা-৩৭৯ পেনাল কোড রুজু করা হয়। বর্ণিত ঘটনায় অটো চুরির সিন্ডিকেটের মূল ০৫(পাঁচ) সদস্যকে দেশের বিভিন্ন স্থান হতে গ্রেফতার করা হয়।
- **অটো চুরি ও খুন মামলার চুরি যাওয়া অটো উদ্ধার ও আসামী গ্রেফতারঃ**
  মামলার অজ্ঞাতনামা আসামীরা একই উদ্দেশ্যে অটোচালক আঃ রশিদ (৪৪)কে অপহরণপূর্বক খুন করে অটো চুরি ও আলামত গোপন করার অপরাধে আদিতমারী থানার মামলা নং-১৫, তাং-২১/০৮/২০২৩ খ্রিঃ, ধারা-৩৬৫/৩০২/৩৭৯/২০১/৩৪ পেনাল কোড ১৮৬০ রুজু করা হয়। পরবর্তীতে থানা পুলিশের ব্যাপক তৎপরতায় তথ্য প্রযুক্তির মাধ্যমে ০৩ দিনের মধ্যেই ০৪ জন আসামী গ্রেফতারসহ অটো উদ্ধার ও মামলার মূল রহস্য উদঘাটন করা হয়।

- **অপহরণের ১ বছর পর কবর হতে লাশ উদ্ধার ঃ**

গত ১৩/০৭/২০২২ খ্রিঃ রাত অনুমান ০৯.৩০ ঘটিকার সময় কালীগঞ্জ থানাধীন কাকিনা ইউনিয়নের রুদ্রেশ্বর গ্রামে জনৈক আলমগীর হোসেন (৪০), পিতা-জহুর উদ্দিন, নিজ এলাকা সিরাজুল মার্কেট হতে নিখোঁজ হয়। এই সংক্রান্তে কালীগঞ্জ থানায় একটি নিখোঁজ ডায়েরী করা হয়। বাদীর দায়েরকৃত অভিযোগের প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের আদেশে অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা, লালমনিরহাট কালীগঞ্জ থানার মামলা নং-০৭ তারিখ-১০/০৭/২০২৩ খ্রিঃ, ধারা-৩৬৪/১১৪ পেনাল কোড-১৮৬০ রুজু করেন। মামলার তদন্তকারী অফিসার এসআই (নিঃ) মোঃ নুরুজ্জামান মামলার এজাহার নামীয় ০৫জন আসামীকে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করেন। মামলার ভিকটিম আলমগীর হোসেনকে নেশাজাতীয় দ্রব্য খাওয়ায়ে অজ্ঞান করতঃ আসামী মোঃ সেকেন্দার আলী (৫৫), পিতা-আব্দুল শেখ, গ্রাম রামদেব, হাজিপাড়া, উপজেলা-আদিতমারী, জেলা-লালমনিরহাট এর বাড়ি সংলগ্ন বাঁশ ঝাড়ের পার্শ্বে খালে পুঁতে রাখে। পরবর্তীতে উপরোক্ত ধৃত আসামী মোঃ রাশেদুল ইসলাম, আঃ আজিজ ড্রাইভার, আজিজুল শেখকে জিজ্ঞাসাবাদ ও তার স্বীকারোক্তি মোতাবেক তার দেখানো মতে লালমনিরহাট জেলার আদিতমারী থানাধীন রামদেব হাজিপাড়া (পলাশী ইউনিয়ন) গ্রামস্থ মামলার এজাহার নামীয় ধৃত আসামী মোঃ সেকেন্দার আলী এর বাড়ি সংলগ্ন বাঁশ ঝাড়ের পাশে খালে পুঁতে রাখা অবস্থায় অপহৃত মৃত আলমগীর হোসেন (৪০) এর দেহাবশেষ হারগোড় মাথার খুলিসহ বিভিন্ন অংশের হার উদ্ধার করা হয়।

- **ক্লু-লেস হত্যা মামলার রহস্য উদ্‌ঘাটন ঃ**

  গত ১১/০৩/২০২৪ খ্রি. ভোর অনুমান ০৬.২০ ঘটিকার সময় "জাতীয় জরুরী সেবা ৯৯৯" এর মাধ্যমে অফিসার ইনচার্জ, লালমনিরহাট থানা সংবাদ পান যে, লালমনিরহাট থানাধীন মহেন্দ্রনগর ইউপিস্থ নিজপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব পার্শ্বে ১০০ গজ দূরে বুড়ির বাজারগামী রাস্তার পাশে অজ্ঞাতনামা এক ব্যক্তির লাশ পড়ে আছে। উক্ত সংবাদের প্রেক্ষিতে অফিসার ইনচার্জসহ উর্ধ্বতন অফিসার দ্রুত ঘটনাস্থলে যান এবং লাশের সুরতহাল রিপোর্ট প্রস্তুতপূর্বক পোষ্ট মর্টেম এর জন্য লাশ মর্গে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করেন। পরবর্তীতে মৃতের স্ত্রীর শনাক্তমতে জানা যায় যে, মৃতের নাম ফেরদৌস আলী (৪০), পিতা-মৃত নুরুল হক, সাং-কালমাটি, থানা ও জেলা- লালমনিরহাট। মৃতের স্ত্রী মোছাঃ আয়েশা ইসলাম বাদী হয়ে অজ্ঞাতনামা আসামী করে একটি অভিযোগ দায়ের করেন যার প্রেক্ষিতে লালমনিরহাট থানার মামলা নং-১৪ তারিখ-১১/০৩/২০২৪ খ্রি., ধারা-৩০২/৩৪ পেনাল কোড-১৮৬০ রুজু করা হয়। জেলার পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার, এ-সার্কেল ও অফিসার ইনচার্জ, লালমনিরহাট থানা এর দিক নির্দেশনায় মামলার তদন্তকারী অফিসার এসআই মোঃ আমিনুল ইসলাম তথ্য প্রযুক্তির সাহায্যে ঘটনা সংঘটিত হওয়ার ৭২ ঘন্টার মধ্যে ঘটনার সাথে জড়িত ০৩জন আসামী ১। মোছাঃ সাবিনা আক্তার লিপি (৩৫), ২। মোঃ মাসুম রেজা (৩৮) এবং ৩। মোঃ রফিকুল ইসলাম ওরফে ওয়াজ আলী (৪০) দেরকে গ্রেফতার করতে সক্ষম হন ও গ্রেফতারকৃত ০৩জন আসামীর দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দি ফৌ কাঃ বিঃ ১৬৪ ধারা মোতাবেক লিপিবদ্ধ করান।

## <u>নীলফামারী জেলাঃ</u>

❖ **<u>আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্যঃ</u>**

- জেলার আইন-শৃঙ্খলা রক্ষায় ও যে কোনো ধরণের বিশৃঙ্খলা সৃষ্টির অপতৎপরতা রোধ কল্পে কঠোর গোয়েন্দা নজরদারির পাশাপাশি গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে চেকপোস্ট স্থাপন, সিসি ক্যামেরা স্থাপন ও ডিউটি পোস্ট স্থাপন করে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য অর্জন সম্ভব হয়েছে। বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং কার্যক্রমের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠান সমূহে নিয়মিতভাবে সভা-সেমিনার আয়োজন করা হচ্ছে। বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে আন্তঃসর্ম্পক ও সম্প্রীতি বৃদ্ধি কল্পে প্রচার-প্রচারণা এবং নিয়মিতভাবে সভা-সেমিনারের আয়োজন করা হচ্ছে।

- মাদক বিরোধী চলমান কার্যক্রম ও অভিযান অব্যাহত আছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। সেই সাথে কোন পুলিশ সদস্য যেন মাদক ব্যবসার সাথে জড়িয়ে না পরে সে বিষয়ে কঠোর নজরদারি অব্যাহত রয়েছে। সীমান্ত এলাকা দিয়ে মাদকের প্রবেশ বন্ধে চেকপোস্ট ও বিশেষ ডিউটি পোস্ট স্থাপন করা হয়েছে। "এলএসডি, আইসসহ নতুন নতুন মাদক প্রবেশ রোধে গোয়েন্দা নজরদারিসহ অভিযান অব্যাহত রয়েছে। মাদক ও মাদকের ভয়াবহ কুফল বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং এর মাধ্যমে প্রচার-প্রচারণাসহ জনমত গড়ে তোলা হচ্ছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় প্রচার-প্রচারণাসহ সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। মাদকের ব্যবহার নির্মূলের লক্ষ্যে 'শূন্য সহিষ্ণুতা নীতি'বাস্তবায়নে কুইক রেসপন্স টিম গঠনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মাদক ব্যবহার ও অপরাধে জড়িয়ে পড়া কিশোর গ্যাং সমূহ চিহ্নিত করণ এবং যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

- ২০২৩ সালে নীলফামারী জেলা পুলিশ কর্তৃক বিভিন্ন চাঞ্চল্যকর মামলার ঘটনায় সঠিক তদন্ত করতঃ রহস্য উদঘাটন, আসামী গ্রেফতার ও অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। তন্মধ্যে উল্লেখ্যযোগ্য চাঞ্চল্যকর মামলা সমূহ-

- **ডোমার থানার মামলা নং-০১ তাং-০২/০৫/২০২৩ খ্রিঃ, ধারা-৩৯৫/৩৯৭ পেনাল কোড সংক্রান্তে ডাকাতি মামলায় জেলা পুলিশ, নীলফামারী কর্তৃক লুন্ঠিত মালামাল ০৯ জন জড়িত আসামীকে গ্রেফতার এবং লুন্ঠিত কাজে ব্যবহৃত মোটরসাইকেল উদ্ধার করে মামলার রহস্য উদঘাটন করা হয়।**

- কিশোরগঞ্জ থানার মামলা নং-২৫, তারিখ-২৮/০৮/২০২৩খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পেনাল কোড সংক্রান্ত ক্লুলেস মামলার রহস্য উদঘাটন ০৪ জন আসামী গ্রেফতার এবং ০৩ জন আসামী ফৌঃকাঃবিঃ ১৬৪ ধারায় বিজ্ঞ আদালতে সেচ্ছায় জবানবন্দি প্রদান করেন।

- জলঢাকা থানার মামলা নং- ০৩, তাং-০৫/০৬/২০২৩ ধারা-৩৯৪ পেনাল কোড সংক্রান্তে ক্লুলেস মামলার রহস্য উদঘাটন লুন্ঠিত অটো উদ্ধার ০১ জন আসামী গ্রেফতার এবং ০১ জন আসামী ফৌঃকাঃবিঃ ১৬৪ ধারায় বিজ্ঞ আদালতে সেচ্ছায় জবানবন্দি প্রদান করেন।

- সৈয়দপুর থানার মামলা নং-০৩ তারিখ-০১/০৯/২০২৩খ্রিঃ ধারা-৩২৮/৩০২/৩৭৯/৩৪ পেনাল কোড সংক্রান্ত মামলায় মামলার রহস্য উদঘাটন আসামি গ্রেফতার সহ চোরাই অটো উদ্ধার করা হয়।

- **জলঢাকা থানার মামলা নং-২৮ তাং-২২/০৯/২০২৩ খ্রিঃ ও ধারা- ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৫(বি) সংক্রান্তে ৪০০ বোতল আমদানী নিষিদ্ধ ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়।**

- **<u>২০২৩ সালে নীলফামারী জেলা পুলিশ কর্তৃক মাদক উদ্ধার, ওয়ারেন্ট তামিল, গ্রেফতার ও অন্যান্য তথ্যাদিঃ-</u>**

| মামলার সংখ্যা | মামলা নিস্পত্তি | ওয়ারেন্ট নিস্পত্তি | বিভিন্ন অপরাধে আসামী গ্রেফতার | উদ্ধারকৃত মালামাল | মাদক মামলায় গ্রেফতার |
|---|---|---|---|---|---|
| ১৭৭১ টি | ১৭৫৬ টি | ৫৯৫৩ টি | ৫৯৯৫ জন | ক) হেরোইন = ৮০.৬৯ গ্রাম<br>খ) গাঁজা = ৩৩ কেজি ৯৮০ গ্রাম<br>গ) ফেন্সিডিল = ৫১৮ বোতল<br>ঘ) ইয়াবা = ১৯৫৮ পিস<br>ঙ) স্পিরিট = ১০ লিটার<br>চ) বিদেশী মদ = ০৪বোতল<br>ছ) দেশী মদ = ৫৬ লিটার<br>জ) ট্যাপেন্টাডল= ২৫০ পিস | ২৬০ জন |

| নন এফআইআর প্রসিকিউসন | আলামত নিস্পত্তি | এনইআর দাখিল | পি এন্ড এ | জেল প্যারেড | নারী, শিশু ও বয়স্ক হেল্প ডেস্কে সেবা প্রদান | উঠান-বৈঠক/বিট পুলিশিং সভা | দিবা/রাত্রী টহল |
|---|---|---|---|---|---|---|---|
| ১৪৮৯ টি | ১৫১৬ টি | ১৩০৬টি | ৭৮টি | ৯৯টি | ১৮৮৭ জন | ২৮,৫৬৬ টি | ১৭,৬৫০টি |

❖ **<u>ডিএসবি কর্তৃক ২০২৩ সালে পুলিশ ভেরিফিকেশন, পাসপোর্ট ও পুলিশ ক্লিয়ারেন্স নিস্পত্তি সংক্রান্তে তথ্যঃ</u>**

| পুলিশ ভেরিফিকেশন | পাসপোর্ট ভেরিফিকেশন | পুলিশ ক্লিয়ারেন্স |
|---|---|---|
| ১,৮৯৯ টি | ১৫,৫৭৩ টি | ২,৮২০ |

❖ **<u>জেলা ট্রাফিক পুলিশ কর্তৃক ২০২৩ সালে প্রসিকিউসনের মাধ্যমে সরকারী কোষাগারে জমাকৃত অর্থ সংক্রান্তে তথ্যঃ</u>**

| ট্রাফিক প্রসিকিউসনের সংখ্যা | সরকারী কোষাগারে প্রদানকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|
| ১১,২২৩ টি | ৪,২৩,৩৩,২৮৫/- (চারকোটি তেইশ লক্ষ তেত্রিশ হাজার দুইশত পঁচাশি টাকা) | |

## <u>দিনাজপুর জেলাঃ</u>

❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্য:

- দিনাজপুর জেলার খানসামা থানায় ভিকটিম শিশু মোঃ মোঃ আরিফুজ্জামান (০৮) হত্যা মামলা রহস্য উদঘাটন ও আসামী গ্রেফতার ঃ

- দিনাজপুর জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক ডাকাত দলের ০৫ (পাঁচ) সদস্য গ্রেফতার ঃ

- ০৫/০৪/২০২৩ ইং তারিখে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) জিডি নং-৬০, তারিখ-০৫/০৪/২০২৩খ্রিঃ মূলে দিনাজপুর জেলার পুলিশ সুপার জনাব শাহ ইফতেখার আহমেদ, পিপিএম মহোদয়ের সরাসরি দিক নির্দেশনা কোতয়ালী থানাধীন বিভিন্ন এলাকায় চুরি, ছিনতাই প্রতিরোধ এবং মাদকদ্রব্য উদ্ধার ডিউটি করাকালীন দিনাজপুর শহর হইতে দশমাইল গামী মহাসড়কে সমাবেত ০৫ (পাঁচ) জন ডাকাত দলের সদস্যকে দেশীয় অস্ত্র সহ গ্রেফতার করা হয়। এ সংক্রান্তে দিনাজপুর কোতয়ালী থানার এফ আই আর নং-২৪, তারিখ-০৬/০৪/২০২৩খ্রিঃ , ধারা-৩৯৯/৪০২/৩৪ পেনাল কোড রুজু হয়। গ্রেফতারকৃত আসামীদের হেফাজত হতে উদ্ধারকৃত দেশীয় অস্ত্র ও আলামত সমুহঃ-(১) ০১ (এক) টি কাঠের হাতল বিশিষ্ট দেশীয় তৈরি চাইনিজ কুড়াল। (২) ০১ (এক) টি লোহার হাতল বিশিষ্ট দেশীয় তৈরি ব্লেড সাদৃশ্য লম্বা ছুরি । (৩) ০২ (দুই) টি দেশীয় তৈরি কাঠের হাতল বিশিষ্ট বাকা ধারালো ছুরি। (৪) ০১ (এক) টি ধারালো হাসুয়া (৫) ০২ (দুই) টি টর্চলাইট। (৬) ০২ (দুই) টি নাইলনের রশি। (৭) ০১ (এক) টি পুরাতন লাল রংয়ের গামছা।
- **দিনাজপুরে জেলার বোচাগঞ্জ থানায় পাওনা টাকার জের ধরে শ্রী গণেশ ভট্টাচায্য হত্যা মামলা রহস্য উদঘাটন ও আসামী গ্রেফতার ঃ**
- ১০/০৮/২০২৩ ইং তারিখে দিবাগত রাতে বোচাগঞ্জ থানাধীন ৪ নং আটগাঁও ইউনিয়নের মানিকপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠ সংলগ্ন নীলকান্ত, পিতা-মৃত গোপেন চন্দ্র রায় এর ধান ক্ষেতে ভিকটিম শ্রী গণেশ ভট্টাচার্য্যকে কে বা কাহারা হত্যা করে লাশ ফেলে রেখে যায়। উক্ত সংবাদ প্রাপ্তির পর দিনাজপুর জেলা সুযোগ্য পুলিশ সুপার জনাব শাহ ইফতেখার আহমেদ, পিপিএম মহোদয়ের সরাসরি দিক নির্দেশনা বোচাগঞ্জ থানা পুলিশ ও জেলা গোয়েন্দা শাখা (ডিবি) দিনাজপুর কর্তৃক হত্যাকান্ডের রহস্য উদঘাটন করে আসামী ১। শ্রী মাধব চন্দ্র রায়(২৫), পিতা-দীর্ঘনাথ রায়, সাং-মানিকপুর, থানা-বোচাগঞ্জ, জেলা-দিনাজপুরকে গ্রেফতার করা হয়। ঘটনার সংক্রান্তে বোচাগঞ্জ থানার মামলা নং- ০৬, তারিখ-১১/০৮/২০২৩ খ্রিঃ, ধারা-৩০২/৩৪ পেনাল কোড রুজু হয়। উক্ত আসামীকে বিজ্ঞ আদালতে সোপর্দ কার হলে আসামী ১৬৪ ধারায় তার জবানবন্দী প্রদান করে।
- **দিনাজপুর কোতয়ালী থানার গোপালগঞ্জ বাজার থেকে ৪২ কেজি গাঁজা সহ ০৭ (সাত) আসামী গ্রেফতার ঃ**
- জনাব শাহ ইফতেখার আহমেদ পিপিএম, পুলিশ সুপার, দিনাজপুর মহোদয়ের সার্বিক দিক-নির্দেশনায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক কোতয়ালী থানাধীন গোপালগঞ্জ বাজার এলাকায় বিশেষ অভিযান পরিচালনা কালে কুমিল্লা হতে আগত ট্রাক হতে ৪২ (বিয়াল্লিশ) কেজি গাঁজাসহ ০৭ (সাত) আসামী গ্রেফতার করা হয়। কোতয়ালী থানা মামলা নং ১৪/৭৫৮, তারিখ-০৪/১০/২০২৩ খ্রিঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়।
- **দিনাজপুর জেলার চিরিরবন্দর থানায় তরুণী ভিকটিম রওশন আরা ওরফে রাইশা (২০) গণধর্ষণ মামলায় ০৫ ধর্ষক গ্রেফতারঃ**
- ১৪/১১/২০২৩ খ্রিঃ রাত্রি ১১.৩০ হতে ১৫/১১/২০২৩ খ্রিঃ রাত্রি ০২.০০ ঘটিকার মধ্যে চিরিরবন্দর থানাধীন ০৫নং আব্দুলপুর ইউনিয়নের অন্তগত সরকারপাড়াস্থ মাঝাপাড়া পুরাতন জামে মসজিদ এর নামে দানকৃত জমির ধানক্ষেতে ভিকটিম তরুণী রওশন আরা ওরফে রাইশা (২০) তরুণীকে গণধর্ষন করে। জাতীয় জরুরী সেবা ৯৯৯ এর মাধ্যমে সংবাদ প্রাপ্ত হয়ে ভিকটিমকে ঘটনাস্থল থেকে উদ্ধার করে এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুরে ভর্তি করা হয়। পরবর্তীতে চিরিরবন্দর থানার মামলা নং-১৬, তাং-১৫/১১/২০২৩ খ্রিঃ, ধারা-নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী/২০০৩) এর ৭/৯(৩)/৩০ রুজু করা । ঘটনার পরপরই পুলিশ সুপার জনাব শাহ ইফতেখার আহমেদ, পিপিএম মহোদয়ের নির্দেশনায় থানা পুলিশের একটি চৌকশ দল অভিযান শুরু করে। তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে অপরাধীর অবস্থান সনাক্ত করা হয়। অপরাধী পলাতক থাকায় তাকে গ্রেফতারের জন্য জেলার বিভিন্ন স্থান ও দেশের বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে আসমীদের গ্রেফতার করা হয়।

❖ **সার্ভিস ডেলিভারী সহজীকরণ:**

- দিনাজপুর জেলার সকল থানায় নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্কে সেবা গ্রহিতাদেরকে সঠিক ভাবে সেবা প্রদান এর লক্ষ্যে প্রতি মাসে নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী সার্ভিস ডেস্কের অফিসারদের নিয়ে মাসিক আলোচনা সভা ও সেবা গ্রহিতাদের ফোন করে তা যাচাই করা হয়।
- দিনাজপুর জেলার কোতয়ালী থানার জিডি মূলে এক নভজাতক শিশু হারিয়ে যাওয়ায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক হারানো শিশুকে উদ্ধারপূর্বক শিশুটির প্রকৃত মায়ের নিকট হস্তান্তর করেন দিনাজপুর জেলার পুলিশ সুপার জনাব শাহ ইফতেখার আহমেদ মহোদয়।
- “পুলিশ-জনতা ঐক্য করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্য বিষয়টি কে সামনে রেখে (০৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ রোজ-শনিবার) দিনাজপুর জেলা পুলিশের আয়োজনে কমিউনিটি পুলিশিং ডে-২০২৩ উদযাপন উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সুশীল সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষক প্রতিনিধি, ডাক্তার, জনপ্রতিনিধি, সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিকবৃন্দ, ছাত্র-ছাত্রীবৃন্দ, কমিউনিটি পুলিশিং এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

❖ **জনসেবামূলক:**

- দিনাজপুর জেলার পুলিশ সুপার জনাব শাহ ইফতেখার আহমেদ পিপিএম মহোদয় ২৬/০১/২০২৩ ইং তারিখে দারুল কুরআন ইসলামিয়া এতিমখানা মাদ্রাসায় এতিম শীতার্থ শিশুদের মাঝে শীতবস্ত্র বিতরন করেন।

❖ **ডিজিটালাইজেশন:**

- দিনাজপুর জেলায় ট্রাফিক পুলিশ কর্তৃক পজ মেসিন ও স্পিড গ্যান ব্যবহারের মাধ্যমে গাড়ির মামলা প্রদান এবং বডি অন ক্যামেরা ব্যবহারের মাধ্যমে ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ।

## ঠাকুরগাঁও জেলাঃ

### ❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্য ঃ

- জেলার আইন-শৃঙ্খলা রক্ষায় ও যে কোনো ধরণের বিশৃঙ্খলা সৃষ্টির অপতৎপরতা রোধ কল্পে কঠোর গোয়েন্দা নজরদারির পাশাপাশি গুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে চেকপোস্ট স্থাপন, সিসি ক্যামেরা স্থাপন ও ডিউটি পোস্ট স্থাপন করে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য অর্জন সম্ভব হয়েছে। বিট পুলিশিং ও কমিউনিটি পুলিশিং কার্যক্রমের মাধ্যমে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং ধর্মীয় প্রতিষ্ঠান সমূহে নিয়মিতভাবে সভা-সেমিনার আয়োজন করা হচ্ছে। বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে আন্তঃসর্ম্পক ও সম্প্রীতি বৃদ্ধি কল্পে প্রচার-প্রচারণা এবং নিয়মিতভাবে সভা-সেমিনারের আয়োজন করা হচ্ছে।
- মাদক বিরোধী চলমান কার্যক্রম ও অভিযান অব্যাহত আছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। সেই সাথে কোন পুলিশ সদস্য যেন মাদক ব্যবসার সাথে জড়িয়ে না পরে সে বিষয়ে কঠোর নজরদারি অব্যাহত রয়েছে। সীমান্ত এলাকা দিয়ে মাদকের প্রবেশ বন্ধে চেকপোস্ট ও বিশেষ ডিউটি পোস্ট স্থাপন করা হয়েছে। "এলএসডি ও আইসসহ" নতুন নতুন মাদক প্রবেশ রোধে গোয়েন্দা নজরদারিসহ অভিযান অব্যাহত রয়েছে। মাদক ও মাদকের ভয়াবহ কুফল বিট পুলিশিং, কমিউনিটির মাধ্যমে প্রচার-প্রচারণাসহ জনমত গড়ে তোলা হচ্ছে। পাশাপাশি বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিং ও গ্রাম পুলিশদের সহায়তায় প্রচার-প্রচারণাসহ সামাজিক সচেতনতামূলক কার্যক্রম চালানো হচ্ছে। মাদকের ব্যবহার নির্মূলের লক্ষ্যে "শূন্য সহিষ্ণুতা নীতি" বাস্তবায়নে কুইক রেসপন্স টিম গঠনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। মাদক ব্যবহার ও অপরাধে জড়িয়ে পড়া কিশোর গ্যাং সমূহ চিহ্নিত করণ এবং যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।
- **২০২৩ সালে ঠাকুরগাঁও জেলা পুলিশ কর্তৃক বিভিন্ন চাঞ্চল্যকর মামলার ঘটনায় সঠিক তদন্ত করতঃ রহস্য উদঘাটন, আসামী গ্রেফতার ও অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। তন্মধ্যে উল্লেখ্যযোগ্য চাঞ্চল্যকর মামলা সমূহ ঃ-**
- রাণীশংকৈল থানার মামলা নং-০৮, তারিখ-২৪/০১/২০২৩, ধারা-৩০২/৩০৯/৩৪ পেনাল কোড(শিশু হত্যা মামলায় আসামী গ্রেফতার ও মামলার রহস্য উদঘাটন)।
- রাণীশংকৈল থানার মামলা নং-০৫, তারিখ-০৬/০৩/২০২৩, ধারা-৩০২/২০১/৩৪ পেনাল কোড(অটোরিক্সা ছিনতাইসহ হত্যা মামলায় আসামী গ্রেফতারসহ রহস্য উদঘাটন)।
- ঠাকুরগাঁও থানার মামলা নং-০৯, তারিখ-০৬/০৫/২০২৩, ধারা-৩০২ পেনাল কোড(ক্লু-লেস হত্যা মামলায় তদন্তে প্রাপ্ত আসামী গ্রেফতার ও অভিযোগপত্র দাখিল)।
- হরিপুর থানার মামলা নং-০৮, তারিখ-০৫/০৩/২০২৩, ধারা-৩৯৪/৩৮৫/৩৮৬/৩৪ পেনাল কোড(অটোচার্জারটি ছিনতাই মামলায় ৭জন আসামী গ্রেফতারসহ অটোচার্জার উদ্ধার)।
- ঠাকুরগাঁও থানার মামলা নং-৩৪, তারিখ-২৩/০৬/২০২৩, ধারা-৩৯৫/৩৪ পেনাল কোড(বসতবাড়ি ডাকাতি মামলায় তদন্তেপ্রাপ্ত ০৫জন আসামীকে গ্রেফতারপূর্বক ০১ভরি ০৮আনা ওজনের স্বর্ণালংকার উদ্ধারসহ মামলার রহস্য উদঘাটন)।
- রুহিয়া থানার মামলা নং-০৩, তারিখ-১২/০৭/২০২৩, ধারা-৩৯৫/৩৯৭ পেনাল কোড( বসতবাড়ি হতে টাকা ও স্বর্ণালংকার ডাকাতি মামলায় আসামী গ্রেফতারসহ রহস্য উদঘাটন)।
- ঠাকুরগাঁও থানার মামলা নং-২৯, তারিখ-১২/১০/২০২৩, ধারা-৩৯৪/৪২০/৪০৬ পেনাল কোড( অত্র মামলায় আসামী গ্রেফতারসহ মোট ১,৪০,০০০/- টাকা ও ০৩টি মোবাইল সেট উদ্ধার)।

- **২০২৩ সালে ঠাকুরগাঁও জেলা পুলিশ কর্তৃক মাদক উদ্ধার, ওয়ারেন্ট তামিল, গ্রেফতার ও অন্যান্য তথ্যাদিঃ-**

| মামলার সংখ্যা | মামলা নিস্পত্তি | ওয়ারেন্ট তামিল | বিভিন্ন অপরাধে আসামী গ্রেফতার | উদ্ধারকৃত মালামাল | মাদক মামলায় গ্রেফতার |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৯০৫ | ২১০৪ | ৪৬৬০ | ৮৭৩০ জন | ক) হেরোইন=৫৫.৭৬গ্রাম<br>খ) গাঁজা= ৪৩কেজি ৩৫গ্রাম ও ০৩টি গাঁজার গাছ<br>গ) ফেন্সিডিল=২২৯৮ বোতল খোলা ১২৫০এমএল<br>ঘ) ইয়াবা= ২১৬০১পিচ<br>ঙ) ট্যাপেন্ডাডল=৪৭১৩পিচ<br>চ) বিদেশী মদ=৬৩বোতল<br>ছ) দেশী মদ-৪৭০লিটার | ৬২৭ জন |

| মোবাইল উদ্ধার | নন এফআইআর প্রসিকিউশন | আলামত নিস্পত্তি | এনইআর দাখিল | পিএন্ডএ | জেল প্যারেড | নারী, শিশু ও বয়স্ক হেল্প ডেস্কে সেবা প্রদান | উঠান-বৈঠক/বিট পুলিশিং সভা | দিবা/রাত্রী টহল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২১৯ | ৪৫৩ | ৩২৭ | ৯৬৭ | ৩৪৩ | ২১ | ১২৪১ | ৩৮৮৫১ | ১২৫১০ |

❖ ডিএসবি কর্তৃক ২০২৩ সালে পুলিশ ভেরিফিকেশন, পাসপোর্ট ও পুলিশ ক্লিয়ারেন্স নিস্পত্তি সংক্রান্তে তথ্য ঃ

| পুলিশ ভেরিফিকেশন | পাসপোর্ট ভেরিফিকেশন | পুলিশ ক্লিয়ারেন্স |
|---|---|---|
| ২,২৩৯ | ১৪,৮৪৪ | ২,৬২৮ |

❖ জেলা ট্রাফিক পুলিশ কর্তৃক ২০২৩ সালে প্রসিকিউসনের মাধ্যমে সরকারী কোষাগারে জমাকৃত অর্থ সংক্রান্তে তথ্যঃ

| ট্রাফিক প্রসিকিউসনের সংখ্যা | সরকারী কোষাগারে প্রদানকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|
| ১০,১২০টি | ৪,৩৯,০৫,১০০/-(চার কোটি উনচল্লিশ লক্ষ পাঁচহাজার একশত) টাকা | - |

## পঞ্চগড় জেলাঃ

❖ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে সাফল্যঃ

- জেলা পুলিশের একক প্রচেষ্টায় দীর্ঘদিনের প্রত্যাশিত অবৈধভাবে পাথর উত্তোলন স্থায়ীভাবে বন্ধ এবং পুলিশের প্রতি জনসাধারণের আস্থা বৃদ্ধিঃ
- **পঞ্চগড় জেলা হিমালয়ের পাদদেশে হওয়ায় পঞ্চগড়ের ২৩টি নদীসহ সর্বত্রই ভূমির ৮/১০ ফুট নিচে পাথর পাওয়া যায়। বিগত প্রায় ৪০ বৎসর ধরে অবৈধভাবে এ পাথর উত্তোলন করা হতো। এতে ভূমিরূপের স্থায়ী পরিবর্তনসহ প্রাকৃতিক বিপর্যয় এবং স্টোন ক্রাসিং এর কারণে সিলিকোসিস রোগসহ জনজীবন অতিষ্ঠ হয়ে উঠছিল। এ সিন্ডিকেটের সাথে প্রভাবশালী মহল জড়িত ছিল। জেলা পুলিশ পঞ্চগড় অত্যন্ত সুপরিকল্পিতভাবে পাথর সাইটগুলোতে ২৪ ঘন্টা টহল/মোবাইল, গোয়েন্দা নজরদারী এবং পরিকল্পিত অভিযানের মাধ্যমে অবৈধ পাথর উত্তোলন সম্পূর্ণ নিয়ন্ত্রনে আনা হয়েছে। ২৬ জানুয়ারী ২০২০ খ্রিঃ তারিখ হতে জেলা পুলিশ পঞ্চগড় প্রায় ৪/৫ হাজার পাথর শ্রমিক ও ব্যবসায়ীদের আক্রমন অত্যন্ত ধৈর্য্য ও পেশাদারিত্বের সাথে নিয়ন্ত্রন করেছে। যার ফলে পঞ্চগড় জেলায় অবৈধ পাথর উত্তোলন স্থায়ীভাবে বন্ধ করতে সক্ষম হয়েছে। যা দীর্ঘ ৪০ বৎসরে সম্ভব হয়নি। এর ফলে জেলার প্রাকৃতিক পরিবেশ ও জীব বৈচিত্র্য রক্ষা পেয়েছে আবার পরিবেশবাদী ও নাগরিক সমাজের অসন্তোষ দূর হয়েছে।**

উৎসঃ ১। **https://bangla.bdnews24.com/bangladesh/article543430.bdnews**

২। **https://dainiksomoysangbad24.com/news/5445**

- কাদিয়ানী ইস্যু নিয়ন্ত্রণঃ
- বাংলাদেশের মধ্যে পঞ্চগড়ের আহমদনগর, ফুলতলা, শালসিঁড়ি এবং মাড়েয়া কমলাপুকুরী হচ্ছে আহমদিয়া মুসলিম জামা'ত বা কাদিয়ানীদের কেন্দ্রিয় এবং সবচেয়ে বড় আস্তানা। এখানে ৬২০টি পরিবারের প্রায় ৩৫০০ জন অনুসারী রয়েছে। প্রতি বৎসর কাদিয়ানীদের বার্ষিক সম্মেলনের (সালানা জলসা) প্রতিবাদে সারা দেশব্যাপী আইন শৃঙ্খলার অবনতি ঘটে। ২০১৯ সালে পঞ্চগড় জেলায় এমনটি ঘটেছিল। ২০২০ সালে গোয়েন্দা তথ্য এবং কাদিয়ানী নের্তৃবৃন্দের সাথে সফল আলোচনার ফলশ্রুতিতে স্পর্শকাতর কাদিয়ানী সম্মেলন সুকৌশলে নিয়ন্ত্রণ এবং আলেম সমাজসহ মূলধারার মুসলমানদের উত্তেজনা

প্রশমিত করে কোন রকম ক্ষয়ক্ষতি ও বিশৃঙ্খলতা ছাড়াই উত্তেজনাপূর্ণ কাদিয়ানী সম্প্রদায়ের সালানা জলসা সম্পন্ন করা সম্ভব হয়েছিল।

- ২০২৩ সালে সারাদেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করতে একটি স্বার্থান্বেষী মহল কাদিয়ানী সম্প্রদায়ের সালানা জলসাকে কেন্দ্র করে গত ০২ মার্চ থেকে ০৪ মার্চ পঞ্চগড় জেলায় সরকারি স্থাপনাসহ কাদিয়ানীদের বাড়ি ঘরের উপর বর্বরোচিত হামলা চালায়। ধর্মীয় অনুভূতিকে কাজে লাগিয়ে ২০২৩ সালে দেশের রাজনৈতিক ঘটনা প্রবাহকে সামনে রেখে সারাদেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করার জন্য এই স্বার্থান্বেষী মহলটি সুযোগ নেওয়ার চেষ্টা করেছিল।
- উচ্ছৃঙ্খল জনতা থানা আক্রমণের চেষ্টা, ট্রাফিক অফিসে আগুন দেওয়া, র‌্যাবের গাড়ি পোড়ানো, মানুষের বসতবাড়িতে আগুন, দোকানপাট ভাংচুর, লুটপাট ও অগ্নি সংযোগ, পেট্রোল বোমা, গান পাউডার নিয়ে আক্রমণ করলে জেলা পুলিশের বলিষ্ঠ ও সময়োপযোগী তৎপরতার কারণে দ্রুততম সময়ের মধ্যে উচ্ছৃঙ্খল জনতা নিয়ন্ত্রণ করে পরিস্থিতি স্বাভাবিক করা সম্ভব হয়েছে। যার ফলে দেশের বিভিন্ন স্থানে বিশৃঙ্খলা ছড়িয়ে পড়ার হাত থেকে রক্ষা পেয়েছে।
- কাদিয়ানী ইস্যুকে কেন্দ্র করে জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে বিপুল সংখ্যক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছিল বলে বিক্ষুব্ধ জনতাকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় এরকম সাহসিতকাপূর্ণ কাজে বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে।
- **দেশব্যাপি আলোচিত কঙ্কাল চুরি চক্র আটক ও কঙ্কাল উদ্ধার ঃ**
- বর্তমান সময়ে দেশব্যাপি একটি আলোচিত ঘটনা হচ্ছে কঙ্কাল চুরি। ২০২২ সালে পঞ্চগড় জেলায় বিভিন্ন থানার কবরস্থান থেকে কঙ্কাল চুরির খবর পাওয়া যায় এবং দিন দিন এই খবর বৃদ্ধি পেতে থাকে। বিশেষ করে পঞ্চগড় জেলার আটোয়ারী, বোদা ও দেবীগঞ্জ থানায় এই ঘটনাটি বেশি ঘটছে বলে জানা যায়। এই পরিপ্রেক্ষিতে পুলিশ সুপার, পঞ্চগড় মহোদয়ের দিক নির্দেশনায় জেলা গোয়েন্দা শাখা, পঞ্চগড় বিশেষ অভিযান পরিচালনা এবং গোয়েন্দা তথ্য সংগ্রহ করতে থাকে। তার ধারাবাহিকতায় গত ১৯/১০/২২ খ্রিঃ তারিখে কঙ্কাল চুরি চক্রের ০২ সদস্যসহ ০৪ টি মাথার খুলি ও ২৯৩ টি মানব হাড় উদ্ধার করা হয়। যা ইলেকট্রনিকস মিডিয়ার বিভিন্ন চ্যানেলে ও পত্র-পত্রিকায় ব্যাপক ভাবে প্রচারিত হয় এবং স্থানীয় জনগণের মাঝে পুলিশের পেশাদারিত্ব নিয়ে ইতিবাচক ধারণার সৃষ্টি হয়। এই সময়ে কবর থেকে কঙ্কার চুরি সারাদেশের চাঞ্চল্যকর অপরাধের মধ্যে অন্যতম। কঙ্কাল চুরির ঘটনাকে কেন্দ্র করে আটোয়ারী থানায় ০২টি মামলা ও দেবীগঞ্জ থানায় ০১টি মামলা রুজু করা হয়েছে।

❖ <u>মানবিক পুলিশিং ঃ</u>

- দেশে যখন করোনা ভয়ংকর রূপ ধারণ করে। পঞ্চগড় জেলাতেও এই করোনার বিস্তার লাভ করলে এবং কারো মধ্যে করোনা ভাইরাসের লক্ষণ পরিলক্ষিত হলে, সে স্টেশনে পড়ে থাকলেও তাকে সাহায্য করতে কেউ এগিয়ে আসতো না। আবার মানসিক প্রতিবন্ধীকেও এসময় কেউ সাহায্যের জন্য এগিয়ে আসতো না। কিন্তু পঞ্চগড় জেলা পুলিশ সে সময় জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে গেছেন এবং জনগণের সেবা ও নিরাপত্তা নিশ্চিত করেছেন। এক্ষেত্রে-
- সচেতনতামূলক প্রচারণা
- লিফলেট বিতরণ
- বিভিন্ন চেকপোস্ট স্থাপন
- কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ
- স্বাস্থ্যবিধি মানা চলা সম্পর্কে প্রচারণা
- অক্সিজেন ব্যাংক স্থাপন
- মৃত ব্যক্তির জানাজা নিশ্চিত করণ
- কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিদের বাড়িতে খাবার পৌঁছে দেওয়া
- করোনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে মাইকিং করা
- চাষীদের সবজি মাঠ থেকে সংগ্রহ করে বিভিন্ন জায়গায় পৌঁছানো ব্যবস্থা করা
- ধানকাটা শ্রমিক প্রেরণ
- মাস্ক, স্যানিটাইজার সহ করোনা প্রতিরোধ সামগ্রী বিতরণ
- বৃদ্ধ, অতিবৃদ্ধ এবং বিপদগ্রস্থ ব্যক্তিদের করোনা কালীন সময়ে বাড়ি পৌঁছে দেওয়াসহ সরকার নির্দেশিত সকল আদেশ অত্যন্ত তৎপরতার সাথে পালন করা হয়েছে।

- <u>করোনাকালীন সময়ে কৃষি ও অর্থনীতি সচল রাখা ঃ</u>
- পঞ্চগড় জেলা টমেটো চাষের জন্য বিখ্যাত। করোনাকালীন লকডাউনের সময় বেপারিরা আসতে না পারার কারণে প্রচুর পরিমান টমেটো নষ্ট হওয়ার সম্ভবনা তৈরি হয়। এমতাবস্থায়, শরীয়তপুর ও মাদারীপুর হতে ৩৮ জন ব্যবসায়ী এনে পুলিশের ব্যবস্থাপনায় তাদের কোয়ারেন্টাইন করিয়ে টমেটো সারাদেশে পাঠানোর ব্যবস্থা করা হয়। বিষয়টি স্থানীয় কৃষক ও মিডিয়ায় প্রশংসিত হয়েছে। সময় টিভির লাইভ অনুষ্ঠানে সাবেক পুলিশ সুপার মহোদয়কে এ বিষয়ে যুক্ত করা হয়েছিল। পুলিশের উর্দ্ধতন মহলেও বিষয়টি প্রশংসিত হয়েছে।
- <u>চাঞ্চল্যকর ও ক্লুলেস মামলার রহস্য উৎঘাটন ঃ</u>
- পুলিশ সুপার পঞ্চগড় মহোদয়ের সঠিক দিকনির্দেশনা ও নিবিড় তদারকিতে জেলার বোদা থানায় ও তেঁতুলিয়া মডেল থানায় রুজুকৃত ক্লুলেস ছিনতাই ও হত্যা মামলার রহস্য উদঘাটিত হয়েছে। বিশ্বস্ত সোর্স ও তথ্য প্রযুক্তির সহায়তায় ভিকটিমের মোবাইল ও ছিনতাইকৃত ইজিবাইকের কিছু যন্ত্রাংশ উদ্ধার এবং হত্যাকান্ডে জড়িত ০৬ (ছয়) জন আসামী গ্রেফতার হয়েছে। বোদা থানার মামলা নং-১৬, তারিখ-১৮/১২/২১ খ্রিঃ ধারা- ৩০২/২০১/৩৪ পেনাল কোড।
- <u>জালিয়াতি চক্রের মূল হোতা গ্রেফতারঃ</u>
- মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সচিব মহোদয়ের স্বাক্ষর, সীলমোহর ও সুপারিশ জাল করে পুলিশকে চিঠি দেওয়ায় পঞ্চগড় সদর থানায় ০২ টি মামলা রুজু করা হয়েছে এবং মোঃ মোজাম্মেল হক (৪৮) নামের এক ব্যক্তিকে আটক করা হয়েছে।